



প্রেস বিজ্ঞপ্তি

২৮ ফেব্রুয়ারী ২০২২

প্রান্তিক জনগোষ্ঠী, পিছিয়ে পড়া নারী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণের সাথে বাউবি প্রো- উপাচার্যের মতবিনিময়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ বাস্তবায়নে শিক্ষার হার শতভাগ করার কোন বিকল্প নেই। প্রান্তিক জনগোষ্ঠী, পিছিয়ে পড়া নারী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণকে শিক্ষায় সংযুক্ত করতে বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ২৫ ফেব্রুয়ারি ২০২২ শুক্রবার ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময়কালে দিক নির্দেশনামূলক বক্তব্যে রাখেন। তিনি ঐদিনই নেত্রকোণা জেলার অর্ন্তগত কলমাকান্দা উপজেলার কলমাকান্দা সরকারি ডিগ্রী কলেজ স্টাডি সেন্টারে বাউবি পরিচালিত এইচএসসি এবং বিএ/বিএসএস প্রোগ্রামের সমন্বয়কারী ও টিউটরগণের সাথে এবং কলমাকান্দার নল ছাত্রা উচ্চ বিদ্যালয়ে স্থানীয় ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।



পরের দিন ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে দুর্গাপুর উপজেলার সুসং আদর্শ বিদ্যালয়কেতন, বিরিশিরি পিসিনল মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় এবং সুসং সরকারি কলেজ, দুর্গাপুর, নেত্রকোণার ক্ষুদ্র নৃগোষ্ঠী ও ঝরে পরা শিক্ষার্থীদেরকে শিক্ষার মহাসোপানে ফিরিয়ে আনার লক্ষে মতবিনিময় করেন। কলমাকান্দা ও দুর্গাপুরের ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণ বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীনকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।

উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রো-উপাচার্য মহোদয়ের সাথে ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মাকছুদা জাহান, নেত্রকোণা উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম-আঞ্চলিক পরিচালক জনাব মো: মনজুরুল হক এবং সহকারী পরিচালক জনাব মো: ছাইদুজ্জামান উপস্থিত ছিলেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৮